

## সুনান ইবনু মাজাহ

হাদিস নম্বরঃ ৮৩৯

৫/ সালাত কায়ম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/১১. ইমামের পিছনে কিরাআত পড়া।

### بَابُ الْقِرَاءَةِ خَلْفَ الْإِمَامِ

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْفُضَيْلِ، ح وَحَدَّثَنَا سُؤَيْدُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُسْهِرٍ، جَمِيعًا عَنْ أَبِي سَفْيَانَ السَّعْدِيِّ، عَنْ أَبِي نَضْرَةَ، عَنْ أَبِي سَعِيدٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - " لَا صَلَاةَ لِمَنْ لَمْ يَقْرَأْ فِي كُلِّ رَكْعَةٍ بِ (الْحَمْدُ لِلَّهِ) وَسُورَةٍ فِي فَرِيضَةٍ أَوْ غَيْرِهَا " .

বাংলা

৩/৮৩৯। আবু সাঈদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি ফরয অথবা অন্য সালাতে সূরাহ ফাতিহা ও অন্য কোন সূরাহ পড়েনি তার সালাত হয়নি।

## English

It was narrated that Abu Sa'eed said:

"The Messenger of Allah (ﷺ) said: 'There is no prayer for the one who does not recite in every Rak'ah: Al-Hamd (Al-Fatihah) and a Surah whether in an obligatory prayer or another.'"

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিভাহ: আবু দাউদ ৮১৮

তাহকীক আলবানী: যঈফ। তাখরীজ আলবানী: জামি সগীর ৫২৬৬, ৬২৯৯ যঈফ, তিরমিযী ৪৮১, সহীহ আবু দাউদ ৭৭৭, এর মূল মুসলিম আছে। উক্ত হাদিসের রাবী আবু সুফইয়ান তরীফ আস-সা'দী সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তার থেকে হাদিস গ্রহণযোগ্য নয়। ইয়াহইয়া বিন মাস্নিন বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইমাম

বুখারী বলেন, তিনি হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নয়। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=11908>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন